- ঘ. প্রথমবার সাজিদ আলোর প্রতিসরণের বিষয়টি জানত না বলে মাছ ধরার ক্ষেত্রে কৌশল অবলম্বন করতে পারেনি। তাই ব্যর্থ হয়েছিল। কিন্তু পরে বিজ্ঞান শিক্ষকের কাছ থেকে আলোর প্রতিসরণের বিষয়টি জানার পর সে বিশেষ কৌশল অবলম্বন করেছে। ফলে দ্বিতীয়বার সফল হয়েছে।
সাধারণত পানিতে যে জায়গায় মাছ দেখা যায় আসলে মাছটি ঐ জায়গায় থাকে না, আসলে যে মাছটি আমরা দেখি এটি হলো তার অবাস্তব প্রতিবিম্ব। প্রকৃতপক্ষে মাছ থাকে আরেকটু দূরে এবং গভীরে। যদি টেঁটা বা কোচ দিয়ে মাছ শিকার করতে হয় তাহলে এটিকে মারতে হবে আরও নিচে ও দূরে।
এ বিষয়ে পূর্বে না জানা থাকার ফলে সাজিদ পুকুরের পানির বাইরে থেকে সেখানেই কোচ দিয়ে আক্রমণ করতো যেখানে মাছ দেখা যেত। তাই মাছ ধরা পড়ত না।
কিন্তু পরে বিজ্ঞান শিক্ষকের কাছে পুরো বিষয়টি জেনে বোঝার পর সাজিদ যেখানে মাছ দেখতে পেত তার চেয়ে একটু নিচে ও দূরে কোচ ফেলে। ফলে মাছ ধরা পড়ে।
অতএব, উপরিউক্ত কারণেই সাজিদ দ্বিতীয়বার মাছ শিকার করতে সফল হয়েছে।




- | | |
|--|---|
| ক. রেটিনা কী? | ১ |
| খ. আলোকরশ্মি ঘন স্বচ্ছ মাধ্যম থেকে হালকা স্বচ্ছ মাধ্যমে প্রবেশ করলে কী ঘটবে? | ২ |

- গ. চিত্রে কোনটি সংকট কোণ? ব্যাখ্যা কর। ৩
- ঘ.RO রশ্মিটি প্রতিফলিত হবে কী? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

▶◀ ননং প্রশ্নের উত্তর ▶◀

- ক. রেটিনা চোখের অক্ষিপোলকের পিছনে অবস্থিত একটি ঈষদচ্ছ গোলাপি আলোকগ্রাহী পর্দা যা মস্তিষ্কে দর্শনের অনুভূতি জাগায়।
- খ. আলোকরশ্মি যখন ঘন স্বচ্ছ মাধ্যম থেকে হালকা স্বচ্ছ মাধ্যমে প্রবেশ করে তখন প্রতিসরিত রশ্মি অভিলম্ব থেকে দূরে সরে যায়। এক্ষেত্রে আপতন কোণ প্রতিসরণ কোণ অপেক্ষা ছোট হয়। এভাবে আপতন কোণের মান বাড়তে থাকলে ঐ নির্দিষ্ট দুটি মাধ্যমের জন্য আপতন কোণের কোনো একটি মানের জন্য প্রতিসরণ কোণের মান ৯০° হয় অর্থাৎ প্রতিসরিত রশ্মিটি বিভেদতল বরাবর চলে যায়। এক্ষেত্রে ঐ আপতন কোণকে সংকট কোণ বলে।
- গ. চিত্রে $\angle QON$ সংকট কোণ।
- আলোকরশ্মি ঘন মাধ্যম থেকে হালকা স্বচ্ছ মাধ্যমে প্রবেশ করলে আপতন কোণের যে মানের জন্য প্রতিসরণ কোণের মান ৯০° হয় অর্থাৎ প্রতিসরিত রশ্মি বিভেদতল বরাবর চলে যায় তাকে সংকট কোণ বলে।
- চিত্র অনুসারে PO আপতিত রশ্মির জন্য আপতন কোণ $\angle PON$ এবং প্রতিসরণ কোণ $\angle P'ON'$ এর প্রতিসরিত রশ্মি OP' । QO আপতিত রশ্মির জন্য আপতন কোণ $\angle QON$ এবং প্রতিসরণ কোণ $\angle Q'O'N'$ এর মান হয়েছে ৯০° । কাজেই প্রতিসরিত রশ্মি OQ' বিভেদতল ধর্ম্মে চলে গেছে। কাজেই চিত্রে সংকট কোণ হলো $\angle QON$ ।
- ঘ. R'O রশ্মিটি প্রতিফলিত হবে।
- আপতন কোণের মান যদি সংকট কোণের চেয়ে বেশি হয় তখন আলোক রশ্মি আর প্রতিসরিত না হয়ে বিভেদ তল থেকে একই মাধ্যমে প্রতিফলিত হয়ে আসে। এক্ষেত্রে বিভেদতল প্রতিফলক হিসেবে কাজ করে এবং এই পতিফলন সাধারণ প্রতিফলনের নিয়মানুসারে হয়। এই ঘটনাকে পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন বলা হয়। অর্থাৎ ঘন মাধ্যম থেকে আপতিত রশ্মি তখন দুই মাধ্যমের বিভেদ তলে সাধারণ প্রতিফলনের নিয়মানুসারে সম্পূর্ণ প্রতিফলিত হয়ে আবার ঘন মাধ্যমেই ফিরে আসে।
- চিত্রে QO আপতিত রশ্মির জন্য প্রতিসরিত রশ্মি OQ' বিভেদতল ধর্ম্মে চলে গেছে এবং প্রতিসরণ কোণ $\angle Q'O'N' = ৯০^\circ$ । কাজেই $\angle QON$ সংকট কোণ। $\angle RON$ আপতন কোণে RO রশ্মিটি আপতিত হয় $\angle QON$ বা সংকট কোণের চেয়েও বড় কোণে। কাজেই OR' রশ্মিটি আর প্রতিফলিত না হয়ে বিভেদতল থেকে প্রতিফলনের সূত্র অনুসারে প্রথম মাধ্যমে ফিরে আসে। অর্থাৎ RO রশ্মিটি প্রতিফলিত হয়।
- অতএব, উপরিউক্ত যুক্তিসমূহ বিশ্লেষণ করে দেখা যায় RO রশ্মিটি প্রতিফলিত হয়।

নিচের চিত্রটি দেখে প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. কৃষ্ণমন্ডল কী? ১
- খ. আলোক রশ্মির দিক পরিবর্তনের কারণ কী? ২
- গ. চিত্রে QON কী ধরনের কোণ- ব্যাখ্যা কর। ৩
- ঘ.RO রশ্মির গতিপথ কিরূপ হবে- বিশ্লেষণ কর। ৪

▶◀ চনং প্রশ্নের উত্তর ▶◀

- ক. কৃষ্ণমন্ডল হল কালো রঙের এক ঝিল্লি দ্বারা গঠিত চোখের শ্বেতমন্ডলের ভিতরের গায়ের আচ্ছাদন বিশেষ।
- খ. সৃজনশীল ১(খ) নং উত্তর দেখ।
- গ. আলোকরশ্মি যখন ঘন স্বচ্ছ মাধ্যম থেকে হালকা স্বচ্ছ মাধ্যমে প্রবেশ করে তখন প্রতিসরিত কোণ আপতন কোণের চেয়ে বড় হয়। এভাবে আপতন কোণের মান ক্রমশ বাড়তে থাকলে প্রতিসরণ কোণও অনুরূপভাবে বাড়তে থাকে কিন্তু ঐ নির্দিষ্ট দুটি মাধ্যমের জন্য আপতন কোণের কোনো একটি মানের জন্য প্রতিসরণ কোণের মান ৯০° হয় অর্থাৎ প্রতিসরিত রশ্মিটি বিভেদতল বরাবর চলে আসে। আপতন কোণের ঐ মানকে সংকট কোণ বলে।

উদ্দীপকের চিত্রানুসারে PQ আপতিত রশ্মির জন্য আপতন কোণ সংকট কোণের চেয়ে ছোট। প্রতিসরিত রশ্মি হলো OP। QO আপতিত রশ্মিটির জন্য আপতন কোণ QON' কোণের সমান। যার প্রতিসরিত রশ্মি হলো OQ' রশ্মি এবং এটি বিভেদতল বরাবর প্রতিসরিত হয়েছে অর্থাৎ প্রতিসরিত কোণ NOQ' ৯০° । উপরিউক্ত সংজ্ঞা থেকে বলা যায় যে, QON' একটি সংকট কোণ।

ঘ. সৃজনশীল ২(ঘ) নং উত্তর দেখ।

নিচের চিত্রদ্বয় লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



চিত্র : A



চিত্র : B

- | | |
|--|---|
| ক. সংকট কোণ কাকে বলে? | ১ |
| খ. আলোর প্রতিসরণের নিয়ম ব্যাখ্যা কর। | ২ |
| গ. চিত্র A কীভাবে মানুষকে দেখতে সাহায্য করে লেখ। | ৩ |
| ঘ. চিত্র A এবং চিত্র B এর মধ্যে মিল ও অমিলগুলোর তুলনামূলক আলোচনা কর। | ৪ |

◀◀ ৯নং প্রশ্নের উত্তর ▶▶

ক. আলোকরশ্মি ঘন স্বচ্ছ মাধ্যম থেকে হালকা স্বচ্ছ মাধ্যমে প্রবেশ করলে আপতন কোণের যে মানের জন্য প্রতিসরণ কোণের মান ৯০° হয় অর্থাৎ প্রতিসরিত রশ্মিটি বিভেদতল বরাবর চলে যায় তাকে সংকট কোণ বলে।

খ. প্রতিসরণের নিয়মগুলো হলো :

১. আলোক রশ্মি যখন হালকা মাধ্যম থেকে ঘন মাধ্যমে প্রবেশ করে তখন এটি অভিলম্বের দিকে সরে আসে। এই ক্ষেত্রে আপতন কোণ প্রতিসরণ কোণ অপেক্ষা বড় হয়।
২. আলোকরশ্মি প্রথমে একটি মাধ্যম থেকে (যেমন : বায়ু) অন্য মাধ্যমে (কাচ) প্রতিসরিত হয় এবং পুনরায় একই মাধ্যমে (বায়ু) নির্গত হলে আপতন কোণ ও নির্গত কোণ সমান হয়।

আপতিত রশ্মি, প্রতিসরিত রশ্মি এবং আপতন বিন্দুতে দুই মাধ্যমের বিভেদতলে অঙ্কিত অভিলম্ব একই সমতলে থাকে।


গ. চিত্র A হলো চোখ যা মানুষকে দেখতে সাহায্য করে।

চোখের অক্ষিগোলকের কৃষ্ণপ্রাচীর রুদ্ধ আলোকপ্রকোষ্ঠের ন্যায় ক্রিয়া করে। এই প্রাচীরের জন্য চোখের ভেতর আলোকের প্রতিফলন হয় না। চোখের পাতার সাহায্যে চক্ষু লেন্সের মুখ যেকোনো সময়ের জন্য খোলা রাখা যায়। আপতিত আলোকের তীব্রতাভেদে কর্নিয়ার ছিদ্রপথে আপনাআপনি সংকুচিত ও প্রসারিত হয়ে প্রতিবিম্ব গঠনের জন্য প্রয়োজনীয় আলোক প্রবেশ করতে দেয়। লেন্সের ফোকাস দূরত্ব এর সাথে যুক্ত পেশি বন্ধনীর সাহায্যে পরিবর্তন করা যায়। কর্নিয়া, অ্যাকুয়াস হিউমার, চক্ষু লেন্স, ভিট্রিয়াস হিউমার একত্রে একটি অভিসারী লেন্সের ন্যায় ক্রিয়া করে লক্ষ্যবস্তুর প্রতিবিম্ব গঠন করে থাকে। আলোক সুবেদী অক্ষিপটে লক্ষ্যবস্তুর বাস্তব, উল্টা ও খাটো প্রতিবিম্ব গঠিত হয়।

অতএব, উপরিউক্ত প্রক্রিয়ায় চিত্র A বা চোখ মানুষকে দেখতে সাহায্য করে।

ঘ. সৃজনশীল ৩(ঘ) নং উত্তরের অনবরণ।

নিচের চিত্রটি দেখে প্রশ্নগুলোর উত্তর দাও :



ক. অক্ষিগোলক কাকে বলে?

- খ. আলো ভিন্ন মাধ্যমে গতিপথ পরিবর্তন করে কেন? ২
- গ. চিত্রের PO আপতিত রশ্মির জন্য সংঘটিত প্রতিসরণ ব্যাখ্যা কর। ৩
- ঘ. OO আলোকরশ্মি একই মাধ্যমে ফিরে আসার ঘটনা কীভাবে যোগাযোগের ক্ষেত্রে প্রয়োগ করা যায়— আলোচনা কর। ৪ ৪

▶◀ ১০নং প্রশ্নের উত্তর ▶◀

ক. চোখের কোটরে অবস্থিত এর গোলাকার অংশকে অক্ষিসৌলক বলে।

খ. সৃজনশীল ১ (খ) নং উত্তরের অনুরূপ।

গ. চিত্রের PO আপতিত রশ্মির জন্য সংঘটিত প্রতিসরণের ফলে সংকট কোণ তৈরি হয়।

চিত্রে PO আলোকরশ্মি ঘন স্বচ্ছ মাধ্যম পানি থেকে হালকা স্বচ্ছ মাধ্যম বায়ুতে প্রবেশ করে। প্রতিসরিত রশ্মি আপতন বিন্দু O তে অভিলম্ব NON' থেকে দূরে সরে যায়। ফলে প্রতিসরিত রশ্মি OP' বিভেদতল বরাবর চলে যায় এবং প্রতিসরণ কোণ $\angle NOP'$ এর মান ৯০° হয়। ফলে আপতন কোণকে সংকট কোণ বলা যায়।

অতএব, দেখা যাচ্ছে যে, চিত্রের PO আপতিত রশ্মির জন্য যে প্রতিসরণ সংঘটিত হয়, তাতে সংকট কোণ উৎপন্ন হয়।

ঘ. OO আলোকরশ্মি একই মাধ্যমে ফিরে আসার ঘটনাটি অপটিক্যাল ফাইবারের মাধ্যমে যোগাযোগের ক্ষেত্রে প্রয়োগ করা যায়।


OO আলোকরশ্মি সংকট কোণ $\angle PON'$ এর চেয়ে বড় কোণে আপতিত হয়। এক্ষেত্রে আলোকরশ্মি আর প্রতিসরিত না হয়ে বিভেদতল থেকে একই মাধ্যমে প্রতিফলিত হয়ে ফিরে আসবে। এই ঘটনাকে পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন বলা হয়।

এই ঘটনাটি যোগাযোগের ক্ষেত্রে প্রয়োগ করা যায় অপটিক্যাল ফাইবারের মাধ্যমে।

অপটিক্যাল ফাইবার হলো চুলের মতো চিকন এবং নমনীয় খুব সরু কাচতন্তু। আলোকরশ্মি যখন এই কাচতন্তুর মধ্যে প্রবেশ করে তখন এর দেয়ালে পুনঃপুন পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন ঘটতে থাকে। এই প্রক্রিয়া চলতে থাকে আলোকরশ্মি কাচতন্তুর অপর প্রান্ত দিয়ে বের না হওয়া পর্যন্ত। এভাবে অপটিক্যাল ফাইবারের এক প্রান্ত থেকে অন্য প্রান্তে তথ্য বহন করা যায়। অপটিক্যাল ফাইবার ব্যবহার করার ফলে একই সাথে অনেকগুলো সংকেত প্রেরণ করা যায়। সংকেত যত দূরই যাক না কেন এর শক্তি হ্রাস পায় না।

অতএব, উপরিউক্ত আলোচনা থেকে দেখা যায় যে, OO আলোকরশ্মির একই মাধ্যমে ফিরে আসার ঘটনাটি অপটিক্যাল ফাইবারের মাধ্যমে যোগাযোগের ক্ষেত্রে প্রয়োগ করা যায়।

নিচের চিত্রগুলো লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



চিত্র-১

চিত্র-২

চিত্র-৩

- ক. শ্বেতমণ্ডলের সামনের অংশকে কী বলে? ১
- খ. পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন বলতে কী বুঝ? ২
- গ. উদ্দীপকের চিত্র-৩ এর সাহায্যে চিত্র-২ এর ছবি তোলা হলে কীভাবে তা থেকে পজিটিভ পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকের চিত্র-১ ও চিত্র-৩ এর কার্যাবলি একই সূত্রে গাঁথা— বিশ্লেষণ কর। ৪

▶◀ ১১নং প্রশ্নের উত্তর ▶◀

ক. শ্বেতমণ্ডলের সামনের অংশকে কর্ণিয়া বলে।

খ. সৃজনশীল ৬(খ) নং উত্তর দেখ।

গ. চিত্র-৩ হলো ক্যামেরা যার সাহায্যে চিত্র-২ অর্থাৎ গাছের ছবি তোলা হলো আলোকচিত্রগ্রাহী প্রেট হতে নেগেটিভের মাধ্যমে পজিটিভ পাওয়া যায়।

ছবি তোলা হয়ে গেলে, আলোকচিত্রগ্রাহী প্রেটটিকে স্নাইড হতে বের করে ডেভেলপার নামক এক প্রকার রাসায়নিক দ্রবণে ডুবিয়ে রাখা হয়। সিলভার হ্যালাইড ডেভেলপার বিজারণ প্রক্রিয়ায় রৌপ্য ধাতবে পরিণত করে। গাছের যে অংশ যত উজ্জ্বল, প্রেটের সেই অংশে তত রূপা জমা হয় এবং তত বেশি কালো দেখায়। প্রেটটিকে পানিতে ধুয়ে হাইপো নামক দ্রবণে ডুবানো হয়। অতঃপর পরিষ্কার পানি দ্বারা প্রেটটি ধুয়ে ফেললে প্রেটে লক্ষ্যবস্তুর একটি নেগেটিভ চিত্র পাওয়া যায়।

নেগেটিভের নিচে সিলভার হ্যালাইড দ্রবণের প্রলেপ দেওয়া ফটোগ্রাফের কাগজ স্থাপন করে অল্প সময়ের জন্য নিগেটিভের উপর আলোক সম্পাত করে পূর্বের মতো হাইপোর দ্রবণে ফটোগ্রাফের কাগজ ডুবিয়ে পরিষ্কার পানিতে ধুয়ে পজিটিভ পাওয়া যায়।

এভাবে উদ্দীপকের চিত্র-৩ এর সাহায্যে চিত্র-২ এর ছবি তোলা হলে পজিটিভ পাওয়া যায়।

ঘ. উদ্দীপকের চিত্র-১ ও চিত্র-৩ যথাক্রমে মানুষের চোখ এবং ক্যামেরার এদের মধ্যে তুলনামূলক আলোচনা নিচে দেয়া হলো :


ক্যামেরায় একটি বৃন্দ আলোক প্রকোষ্ঠ থাকে, যার ভেতর দিক কালো রঙে রঞ্জিত। কালো রঙের জন্য ক্যামেরার ভেতর প্রবিষ্ট আলোকের প্রতিফলন হয় না। অন্যদিকে চোখের অক্ষিগোলকের কৃষ্ণ প্রাচীর বৃন্দ আলোক প্রকোষ্ঠের ন্যায় ক্রিয়া করে। এই প্রাচীরের জন্য চোখের ভেতর আলোকের প্রতিফলন হয় না। ক্যামেরার সাটারের সাহায্যে লেন্সের মুখ যেকোনো সময়ের জন্য খোলা রাখা যায়। চোখের পাতার সাহায্যে চক্ষু লেন্সের মুখ যেকোনো সময়ের জন্য খোলা রাখা যায়।

ক্যামেরার ডায়ফ্রামের বৃত্তাকার ছিদ্র পথ ছোট-বড় করে প্রতিবিম্ব গঠনের উপযোগী প্রয়োজনীয় আলো ক্যামেরায় প্রবেশ করতে দেওয়া হয়। অপরদিকে আপতিত আলোকের তীব্রতাভেদে কর্নিয়ার ছিদ্রপথে আপনা আপনি সংকুচিত ও প্রসারিত হয়ে প্রতিবিম্ব গঠনের জন্য প্রয়োজনীয় আলোক প্রবেশ করতে দেয়।

ক্যামেরার আলোকচিত্রগ্রাহী প্লেটে লক্ষ্যবস্তুর একটি বাস্তব, উল্টা ও খাটো প্রতিবিম্ব ফেলা হয়। অন্যদিকে চোখের আলোক সুবেদী অক্ষিপটে লক্ষ্যবস্তুর বাস্তব, উল্টা ও খাটো প্রতিবিম্ব গঠিত হয়।

উপরের তুলনামূলক আলোচনা বিশ্লেষণ করে বলা যায় যে, উদ্দীপকের চিত্র-১ বা মানুষের চোখ ও চিত্র-৩ বা ক্যামেরার কার্যাবলি একই সূত্রে গাঁথা।

নিচের চিত্রটি দেখে প্রশ্নগুলোর উত্তর দাও :




- | | |
|--|---|
| ক. কৃষ্ণমন্ডল কী? অথবা, প্রতিসরণ কী? | ১ |
| খ. আলোক রশ্মির দিক পরিবর্তনের কারণ কী? | ২ |
| গ. চিত্রে QON' কী ধরনের কোণ- ব্যাখ্যা কর। | ৩ |
| ঘ. RO রশ্মির গতিপথ কিরূপ হবে- বিশ্লেষণ কর। | ৪ |

▶ ১২নং প্রশ্নের উত্তর ▶

- ক. কৃষ্ণমন্ডল হলো কালো রঙের এক বিল্লি দ্বারা গঠিত স্বেতমন্ডলের ভেতরের গাত্রের আচ্ছাদন বিশেষ।
অথবা, স্জ্জনশীল ১(ক) নং উত্তর দেখ।
- খ. স্জ্জনশীল ১(খ) নং উত্তর দেখ।
- গ. চিত্রে QON' সংকট কোণ হবে।
স্জ্জনশীল ২ (গ) নং উত্তর দেখ।
- ঘ. স্জ্জনশীল ২ (ঘ) নং উত্তর দেখ।


নিচের চিত্রটি দেখে প্রশ্নগুলোর উত্তর দাও :



- | | |
|--|---|
| ক. প্রতিসরণ কাকে বলে? | ১ |
| খ. প্রতিসরণের নিয়মগুলো লেখ। | ২ |
| গ. BC রশ্মি কাচফলক হতে নির্গত হলে কী ঘটবে? চিত্রসহ লেখ। | ৩ |
| ঘ. উপরের চিত্রের আলোকে অপটিক্যাল ফাইবারে আলোকে রশ্মির গমনকৌশল ব্যাখ্যা কর। | ৪ |

▶ ১৩নং প্রশ্নের উত্তর ▶


- ক. আলো যখন এক স্বচ্ছ মাধ্যম থেকে অন্য স্বচ্ছ মাধ্যমে প্রবেশ করে তখন তার গতিপথের দিক পরিবর্তনের ঘটনাকে আলোর প্রতিসরণ বলে।
- খ. সূত্রনশীল ৯(খ) নং উত্তর দেখ।
- গ. BC রশ্মি কাচফলক হতে নির্গত হলে θ কোণের সমান কোণে নির্গত হবে। প্রতিসরণের সূত্র অনুযায়ী, আলোকরশ্মি প্রথমে একটি মাধ্যম থেকে (যেমন : বায়ু) অন্য মাধ্যমে (কাচ) প্রতিসরিত হয় এবং পুনরায় একই মাধ্যমে (বায়ু) নির্গত হলে আপতন কোণ ও নির্গত কোণ সমান হয়।
- চিত্রে AB আলোকরশ্মি বায়ু মাধ্যম থেকে কাচফলকের B বিন্দুতে আপতিত হয়। এতে আপতন কোণ হয় $\angle ABM = \theta$ । এখান থেকে রশ্মিটি কাচফলকে BC মাধ্যমে প্রতিসরিত হয় এবং অভিলম্বের দিকে সরে যায় ফলে $\angle NBC$ প্রতিসরণ কোণ উৎপন্ন করে যা আপতন কোণ $\angle ABM$ এর চেয়ে ছোট। এই রশ্মিটি আবার কাচফলক থেকে নির্গত হয়ে তা প্রতিসরণের নিয়ম অনুসারে আবার অভিলম্ব থেকে দূরে সরে যাবে এবং AB এর সমান্তরাল হয়ে নির্গত হবে। ধরা যাক, নির্গত রশ্মি CD। ফলে নির্গত কোণ $\angle PCD$ হবে বায়ু মাধ্যমে প্রথম আপতন কোণ $\angle ABM = \theta$ এর সমান। পুরো বিষয়টি নিচের চিত্রে দেখানো হলো :



অতএব, BC রশ্মি কাচফলক থেকে নির্গত হলে CD রশ্মি AB রশ্মির সমান্তরাল হবে এবং নির্গত কোণ $\angle PCD =$ আপতন কোণ $\angle ABM = \theta$ হবে।

- ঘ. উপরের চিত্রের আলোকে অপটিক্যাল ফাইবারে আলোকরশ্মির গমনকৌশল ব্যাখ্যা করা যায়।
- উপরের চিত্রে আলোর একাধিকবার প্রতিসরণ দেখানো হয়েছে। আলোকরশ্মি এভাবে একই মাধ্যমে একাধিকবার প্রতিসরিত হতে পারে যাকে আলোর পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন বলে। এভাবেই আলোকরশ্মি অপটিক্যাল ফাইবারে গমন করে।
- অপটিক্যাল ফাইবার হলো একটি খুব সরু কাচতন্তু। এটা চুলের মতো চিকন এবং নমনীয়। আলোকরশ্মি যখন এই কাচতন্তুর মধ্যে প্রবেশ করে তখন এর দেয়ালে পুনঃপুন পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন ঘটতে থাকে। এই প্রক্রিয়া চলতে থাকে আলোকরশ্মি কাচতন্তুর অপর প্রান্ত দিয়ে বের না হওয়া পর্যন্ত। এতে একই সাথে অনেকগুলো সংকেত প্রেরণ করা যায়। সংকেত যত দূরই যাক না কেন এর শক্তি হ্রাস পায় না।
- অতএব, উপরিউক্ত প্রক্রিয়ায় উপরের চিত্রের আলোকে অপটিক্যাল ফাইবারে আলোকরশ্মির গমনকৌশল ব্যাখ্যা করা যায়।

নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. প্রতিসরণ কাকে বলে? ১
- খ. পানিতে নিমজ্জিত পয়সার অবস্থান কিছুটা উপরে মনে হয় কেন? ২
- গ. উদ্দীপকের চিত্রটি ব্যাখ্যা কর। ৩
- ঘ. যদি ঘন মাধ্যমের কোণটি আরও বড় হতো তাহলে আলোর প্রতিসরণ হতো কি? উত্তরের সপক্ষে তোমার যুক্তি দাও। ৪

▶◀ ১৪নং প্রশ্নের উত্তর ▶◀

- ক. আলোকরশ্মি এক স্বচ্ছ মাধ্যম থেকে অন্য স্বচ্ছ মাধ্যমে তির্যকভাবে আপতিত হলে মাধ্যম পরিবর্তনে এবং গতিপথের দিক পরিবর্তন করাকে আলোর প্রতিসরণ বলে।
- খ. আলোর প্রতিসরণের কারণে পয়সার অবস্থান কিছুটা উপরে মনে হয়। আলোকরশ্মি অপেক্ষাকৃত ঘন মাধ্যম পানি থেকে হালকা মাধ্যম বাতাসে যাওয়ার সময় অভিলম্ব থেকে দূরে সরে যায় এবং এই রশ্মি আমাদের চোখে পড়লে আমরা পয়সাকে প্রকৃত অবস্থান থেকে কিছুটা উপরে দেখতে পাই।


- গ. উদ্দীপকের চিত্রটিতে আলোক রশ্মি ঘন মাধ্যম থেকে হালকা মাধ্যমে যাচ্ছে। ঘন মাধ্যমে সৃষ্ট আপতন কোণ $\angle XOM' = \theta_c$ এর জন্য প্রতিসরণ $\angle MOX' = 90^\circ$ হয়। ঘন মাধ্যমে সৃষ্ট আপতন কোণ $\angle XOM'$ এর জন্য প্রতিসরণ সর্বোচ্চ হয়। সুতরাং $\angle XOM' = \theta_c$ সংকট কোণ।
- ঘ. যদি ঘন মাধ্যমের কোণটি θ_c এর চেয়ে বড় হতো তাহলে আলোর প্রতিসরণ হতো না। কারণ এখানে আলোক রশ্মি ঘন মাধ্যম থেকে হালকা মাধ্যম যাচ্ছে। সেই অর্থে হচ্ছে θ_c আপতন কোণ। একে সংকট কোণও বলে। কারণ, সংজ্ঞানুসারে যেহেতু আপতন কোণ θ_c এর জন্য প্রতিসরণ কোণ 90° । তাই এখানে প্রতিসরণ কোণটি সর্বোচ্চ মানের। এখন যদি চিত্রে আপতন কোণের মান θ_c এর চেয়ে বড় হয় তাহলে রশ্মিটি হালকা মাধ্যমে প্রতসরিত না হয়ে বরং প্রতিফলনের নিয়ম অনুযায়ী সম্পূর্ণভাবে প্রতিফলিত হয়ে ঘন মাধ্যমে ফিরে আসবে যা পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন নামে পরিচিত।

নিচের বাক্যগুলো লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

১. আলো পরিবহনের কাজে অপটিক্যাল ফাইবার ব্যবহৃত হয়।
 ২. বস্তু স্পষ্ট ও বড় করে দেখার জন্য ম্যাগনিফাইং গ্লাস ব্যবহৃত হয়।
- ক. ম্যাগনিফাইং গ্লাস কী? ১
- খ. অপটিক্যাল ফাইবার কী কাজে ব্যবহৃত হয়? ২
- গ. ১ নং ঘটনায় কীভাবে আলো পরিবাহিত হয়— ব্যাখ্যা কর। ৩ ৩
- ঘ. ২ নং ঘটনা চিত্রের সাহায্যে বিশ্লেষণ কর। ৪

▶ ১৬নং প্রশ্নের উত্তর ▶


- ক. একটি উত্তল লেন্সকে উপযুক্ত ফ্রেমে আবদ্ধ করে যে যন্ত্র তৈরি করা হয় তাকে ম্যাগনিফাইং গ্লাস বলে।
- খ. চিকিৎসকগণ মানবদেহের ভেতরের কোনো অংশ (যেমন : পাকস্থলি, কোলন) দেখার জন্য অপটিক্যাল ফাইবার তথা আলোক নল ব্যবহার করে থাকেন। এছাড়া টেলিযোগাযোগ ক্ষেত্রেও অপটিক্যাল ফাইবার ব্যবহৃত হয়।
- গ. ১নং ঘটনায় আলোর পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলনের মাধ্যমে আলো পরিবাহিত হয়।
অপটিক্যাল ফাইবার হলো একটি খুব সরু কাচতন্তু। এটি চুলের মতো চিকন এবং নমনীয়। আলোকরশ্মি যখন এই কাচতন্তুর মধ্যে প্রবেশ করে তখন এর দেয়ালে পুনঃপুন পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন ঘটতে থাকে। এই প্রক্রিয়া চলতে থাকে আলোক রশ্মি কাচতন্তুর অপর প্রান্ত দিয়ে বের না হওয়া পর্যন্ত। এতে অনেকগুলো আলোক সংকেত একই সাথে সংকেত হিসেবে প্রেরণ করা যায়। সংকেত যত দূরই যাক না কেন এর সংকেত হ্রাস পায় না।
এভাবে অপটিক্যাল ফাইবার দিয়ে পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলনের মাধ্যমে আলো পরিবাহিত হয়।
- ঘ. ২নং ঘটনায় কোন বস্তু স্পষ্ট ও বড় দেখার কারণ ম্যাগনিফাইং গ্লাস।
বিশ্ব যখন চোখের নিকট বিন্দু অর্থাৎ স্পষ্ট দর্শনের নিকটতম দূরত্বে গঠিত হয় তখন খালি চোখে স্পষ্ট দেখা যায়। কিন্তু বিশ্ব যখন চোখের নিকট বিন্দুর চেয়ে কাছে গঠিত হয় তখন সেই বিশ্ব আর স্পষ্ট দেখা যায় না। ফলে যেসব বস্তু চোখে পরিষ্কার দেখা যায় না তা স্পষ্ট ও বড় করে দেখার জন্য স্বল্প ফোকাস দূরত্বের উত্তল লেন্স ব্যবহার করা হয়।
উত্তল লেন্সের এই ধর্মকে কাজে লাগিয়ে ম্যাগনিফাইং গ্লাস তৈরি করা হয়। সাধারণত একটি হাতল মুক্ত গোলাকার ফ্রেমে একটি উত্তল লেন্সকে বসিয়ে ম্যাগনিফাইং গ্লাস প্রস্তুত করা হয়।



চিত্র : ম্যাগনিফাইং গ্লাসরূপে উত্তল লেন্স চিত্র : ম্যাগনিফাইং গ্লাস

এখানে $P'Q'$ হলো PQ এর বিবর্ধিত প্রতিবিম্ব। এই প্রতিবিম্বটি সোজা এবং বস্তুর চেয়ে আকারে বড়। তাই লেন্সের অপর পাশে চোখ রাখলে PQ বস্তুর পরিবর্তে $P'Q'$ বিবর্ধিত প্রতিবিম্বকে দেখা যায়। ফলে কোনো বস্তু স্পষ্ট ও বড় দেখা যায়।


নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. অ্যাকোয়াস হিউমার কী? ১
- খ. অপটিক্যাল ফাইবারের কার্যকারিতা ব্যাখ্যা কর। ২
- গ. OB রশ্মিটি কাচফলক হশে নির্গত হলে যা ঘটবে তা রশ্মি চিত্র আকারে ব্যাখ্যা কর। ৩
- ঘ. AO রশ্মিটি বায়ু মাধ্যমে না হয়ে হীরক মাধ্যম থেকে কাচ মাধ্যমে প্রবেশ করলে রশ্মিটি কি একই রকম হবে? যুক্তি সহকারে বিশ্লেষণ কর। ৪


▶▶ ১৬নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. লেন্স ও কর্নিয়ার মধ্যবর্তী স্থান যে স্বচ্ছ জলীয় পদার্থে ভর্তি থাকে তাই অ্যাকোয়াস হিউমার।
- খ. অপটিক্যাল ফাইবারের কার্যকারিতা হলো আলোক রশ্মি পরিবহন করা। সাধারণত ডাক্তাররা মানবদেহের ভেতরের কোনো অংশ (যেমন : পাকস্থলি, কোলন) দেখার জন্য যে আলোকনল ব্যবহার করেন তা একগুচ্ছ অপটিক্যাল ফাইবারের সমন্বয়ে গঠিত। এছাড়া, টেলিযোগাযোগ ক্ষেত্রেও এর কার্যকর ব্যবহার রয়েছে।
- গ. OB রশ্মিটি কাচফলক হতে নির্গত হলে $\angle AOP$ এর সমান কোণে এবং AO রশ্মির সমান্তরাল নির্গত হবে। আলোকরশ্মি তির্যকভাবে হালকা মাধ্যম থেকে ঘন মাধ্যমে প্রবেশ করলে প্রতিসরিত রশ্মি অভিলম্বের দিকে সরে আসে এবং ঘন মাধ্যম হতে হালকা মাধ্যমে প্রবেশ করলে অভিলম্ব হতে দূরে সরে যায়। উদ্দীপকের বায়ু হালকা মাধ্যম এবং কাচ ঘন মাধ্যম।



সেক্ষেত্রে OB রশ্মি কাচ হতে বায়ু মাধ্যমে প্রবেশের সময় $P'Q'$ অভিলম্ব হতে দূরে সরে যাবে এবং আপাতন কোণ অপেক্ষা প্রাতিসরণ কোণ বড় হবে। তবে প্রতিসরণের নিয়মানুযায়ী $\angle AOP = \angle DCQ' = \theta$ হবে এবং AO রশ্মি ও CD রশ্মি সমান্তরাল হবে।


- ঘ. AO রশ্মি হীরক মাধ্যম হতে কাচ মাধ্যমে প্রবেশ করলে রশ্মিটি একই রকম হবে না। বরং আলোর প্রতিসরণের নিয়মানুযায়ী আলোকরশ্মি তির্যকভাবে ঘন মাধ্যম হতে হালকা মাধ্যমে প্রবেশ করলে প্রতিসরিত রশ্মি অভিলম্ব থেকে দূরে যায়। এখানে আলোক মাধ্যম হিসেবে কাচ হীরকের চেয়ে হালকা। অর্থাৎ আলোকরশ্মি তির্যকভাবে হীরক মাধ্যম হতে কাচ মাধ্যমে প্রবেশ করলে কাচ মাধ্যমে প্রতিসরিত রশ্মি অভিলম্ব হতে দূরে সরে যাবে। সেক্ষেত্রে রশ্মিচিত্র হবে উদ্দীপকে প্রদর্শিত চিত্রের সম্পূর্ণ বিপরীত। নিচে রশ্মিচিত্র অঙ্কন করে দেখানো হলো—



উদ্দীপকে প্রদর্শিত চিত্রের ক্ষেত্রে আপতন কোণ θ , প্রতিসরণ কোণের চেয়ে বড় ছিল কিন্তু এ ক্ষেত্রে আপতন কোণ θ প্রতিসরণ কোণ r অপেক্ষা ছোট।

উপরিউক্ত আলোচনা হতে দেখা যায় যে, AO রশ্মি হীরক মাধ্যম হতে কাচ মাধ্যমে প্রবেশ করলে রশ্মিচিত্র ভিন্ন হবে।

নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



নোয়াখালী সরকারি বারিকা উচ্চ বিদ্যালয়



- ক. ডায়াক্রাম কী? ১
- খ. উপরের চিত্রের A, B, C, D, E, F ও G অংশগুলোর চিত্র চিহ্নিত কর। ২
- গ. চিত্রটির সঙ্গে ক্যামেরার তুলনামূলক আলোচনা কর। ৩
- ঘ. চিত্রটি মানবদেহের জন্য গুরুত্বপূর্ণ কেন? ৪

▶▶ ১৭নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. ডায়াক্রাম ক্যামেরার একটি রক্ষণ বিশেষ।
- খ. উপরের চিত্রে,
A = কর্নিয়া D = স্নায়ু
B = শ্বেতমণ্ডল E = কৃষ্ণমণ্ডল
C = রেটিনা F = অ্যাকুয়াস হিউমার
G = লেন্স


গ. সৃজনশীল ও(য) নং উত্তরের অনুরূপ।

ঘ. চিত্রটি তথা চোখ মানবদেহের জন্য গুরুত্বপূর্ণ কারণ এটির সাহায্যে মানবদেহ পরিবেশের সঙ্গে যোগাযোগ স্থাপন করে।

চোখের কর্নিয়া, অ্যাকুয়াস হিউমার, চক্ষুলেন্স ও ভিট্রিয়াস হিউমার একত্রে একটি অভিসারী লেন্সের কাজ করে। চোখের সামনে কোনো বস্তু থাকলে সেই বস্তুর বিম্ব যদি রেটিনার উপর পড়ে তাহলে মস্তিষ্কে দর্শনের অনুভূতি জাগে এবং আমরা সেই বস্তু দেখতে পাই। আমরা চোখের সাহায্যে বিভিন্ন দূরত্বের বস্তু দেখি। চোখের লেন্সের একটি বিশেষ গুণ, হচ্ছে এর আকৃতি প্রয়োজনমতো বদলে যায় ফলে ফোকাস দূরত্বের পরিবর্তন ঘটে। ফোকাস দূরত্বের পরিবর্তনের ফলে লক্ষ্যবস্তুর যেকোনো অবস্থানের জন্য লেন্স থেকে একই দূরত্বে অর্থাৎ রেটিনার উপর স্পষ্ট বিম্ব গঠিত হয়।

অতএব, উপরিউক্ত কারণেই চিত্রটি তথা মানবদেহের জন্য গুরুত্বপূর্ণ।

নিচের চিত্রগুলো লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. আলোকরশ্মি বহনের কাজে কী ব্যবহার করা হয়? ১
- খ. পানি ও বায়ুকে স্বচ্ছ মাধ্যম বলা হয় কেন? ২
- গ. চিত্র-১ এ আলোকরশ্মির দিক পরিবর্তন করার কারণ ব্যাখ্যা কর। ৩
- ঘ. চিত্র-১, ২ ও ৩ থেকে আলোর প্রতিসরণের নিয়ম সম্পর্কে কী ধারণা পাওয়া যায় তা ব্যাখ্যা কর। ৪

▶▶ ১৮নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. আলোকরশ্মি বহনের কাজে অপটিক্যাল ফাইবার ব্যবহার করা হয়।
- খ. পানি ও বায়ুর মধ্য দিয়ে আলো যাতায়াত করতে পারে বলে এদের স্বচ্ছ মাধ্যম বলা হয়। যে মাধ্যমের মধ্য দিয়ে বিনা বাধায় আলো যেতে পারে, তাকে স্বচ্ছ মাধ্যম বলে। পানি ও বায়ুর মধ্য দিয়ে যেকোনো রঙের আলো সহজে শোষিত না হয়ে চলাচল করতে পারে বলে, এদের স্বচ্ছ মাধ্যম বলা হয়।
- গ. চিত্র-১ এ আলোকরশ্মি যখন বায়ু মাধ্যম থেকে পানি মাধ্যমে প্রবেশ করে, তখন এটি তার গতিপথের দিক পরিবর্তন করে। একটি নির্দিষ্ট মাধ্যমে আলো সরলরেখায় চলে কিন্তু অন্য মাধ্যমে প্রবেশের সাথে সাথেই এটি মাধ্যমের ঘনত্ব অনুসারে দিক পরিবর্তন করে। এর কারণেই চিত্র-১ এ আলো বায়ু মাধ্যম থেকে পানি মাধ্যমের মধ্য দিয়ে গমনের সময় দিক পরিবর্তন করে।

ঘ. চিত্র-১, ২ ও ৩ থেকে আলোর প্রতিসরণের নিয়ম সম্পর্কে ধারণা পাওয়া যায়-

১. আলোকরশ্মি যখন হালকা মাধ্যম থেকে ঘন মাধ্যমে প্রবেশ করে তখন প্রতিসরিত রশ্মি অভিলম্বের দিকে সরে আসে। এক্ষেত্রে আপতন কোণ প্রতিসরণ কোণ অপেক্ষা বড় হয়। চিত্র-১ এ আলোকরশ্মি এ নিয়ম মেনে চলে।
২. আলোকরশ্মি যখন ঘন মাধ্যম থেকে হালকা মাধ্যমে প্রবেশ করে, তখন প্রতিসরিত রশ্মি অভিলম্ব থেকে দূরে সরে যায়। এক্ষেত্রে আপতন কোণ প্রতিসরণ কোণ অপেক্ষা ছোট হয়। চিত্র-২ এ আলোকরশ্মি এ নিয়ম মেনে চলে।
৩. আলোকরশ্মি যখন অভিলম্ব বরাবর আপতিত হয় তখন আপতন কোণ ও প্রতিসরণ কোণের মান শূন্য হয়। এক্ষেত্রে আপতিত রশ্মির দিক পরিবর্তন হয় না। চিত্র-৩-এ আলোকরশ্মি এ নিয়ম মেনে চলে।

নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

অর্ণব, অর্ক, সাজ্জাদ ও অপু চার বন্ধু সেন্টমার্টিনে বেড়াতে গেল। সেখানে সাগরের স্ফ পানির নিচে পবাল দেখে তারা মুগ্ধ হলো। অপু প্রবালের উপর দিয়ে হাঁটতে গিয়ে পা পিছলে পড়ে গেল। তার বন্ধুরা তাকে টেনে তুলল।

- | | |
|---|---|
| ক. একটি মুদ্রাকে একটি পানিপূর্ণ গ্লাসে রাখলে কোথায় দেখা যায়? | ১ |
| খ. মুদ্রাকে পানিতে ডোবালে এর অবাস্তব প্রতিবিম্ব সৃষ্টি হয় কেন? | ২ |
| গ. অপু পড়ে গেল কেন? ব্যাখ্যা কর। | ৩ |
| ঘ. অপু কী কৌশল গ্রহণ করলে দুর্ঘটনা এড়াতে সক্ষম হতো? | ৪ |

◀ ৯৯নং প্রশ্নের উত্তর ▶

- ক. একটি মুদ্রাকে একটি পানিপূর্ণ গ্লাসে রাখলে মুদ্রাটিকে প্রকৃত অবস্থান থেকে একটু উপরে দেখা যায়।
- খ. মুদ্রাকে পানিতে ডোবালে আলোর প্রতিসরণের কারণে এর অবাস্তব প্রতিবিম্ব সৃষ্টি হয়।
পানি আলোক ঘন মাধ্যম। মুদ্রাকে পানিতে রাখলে মুদ্রা থেকে আলোকরশ্মি পানির সংস্পর্শে থাকা বায়ু মাধ্যমে তির্যকভাবে প্রবেশ করার সময় অভিলম্ব থেকে দূরে সরে যায়। ফলে পর্যবেক্ষকের চোখে একটি অবাস্তব প্রতিবিম্ব ধরা পড়ে।
- গ. অপু আলোর প্রতিসরণের কারণে প্রবালকে প্রকৃত অবস্থান থেকে উপরে মনে হওয়ায় লক্ষ্যভ্রম হয়ে পানিতে পড়ে গেল।
পানির ঘনত্ব বেশি বলে এটি ঘনমাধ্যম। প্রবাল থেকে আলোকরশ্মি অপু চোখে প্রবেশ করে। অপু বায়ু মাধ্যমে অর্থাৎ হালকা মাধ্যমে অবস্থান করছিল। ঘন মাধ্যম থেকে হালকা মাধ্যমের বিভেদতলে অভিলম্ব বরাবর আলোকরশ্মি বৈকে যায়। ফলে বায়ু মাধ্যম থেকে অপু প্রবালের অবাস্তব প্রতিবিম্ব দেখতে পায়।
অপু প্রবালের প্রতিবিম্ব যেখানে দেখতে পায় আসলে প্রবাল ছিল তার চেয়ে অনেক নিচে। এ কারণে সে যেখানে পা রাখে সেখানে পা না পড়ায় পিছলে পড়ে যায়।
- ঘ. অপু ভালোভাবে প্রবাল লক্ষ করে পা ফেললে দুর্ঘটনা এড়াতে সক্ষম হতো।
কোনো আলোক রশ্মি যখন ঘন মাধ্যম থেকে হালকা মাধ্যমে (যেমন পানি থেকে বায়ুতে) প্রবেশ করে তখন প্রতিসরিত রশ্মি অভিলম্ব থেকে দূরে সরে যায়। এ কারণে ঘন মাধ্যম পানি থেকে লঘু মাধ্যম বায়ুতে আলোক রশ্মির প্রতিসরণের ফলে পানির ভিতর অবস্থিত কোনো প্রবালকে এর সঠিক অবস্থান থেকে কিছুটা উপরে ওঠা অবস্থায় দেখা যায়।
এজন্য পানির উপর থেকে প্রবালকে ভালোভাবে লক্ষ করে অপু পা ফেলতে হতো। কারণ সমুদ্রে প্রবাল থাকে আরেকটু দূরে এবং গভীরে। অপু পা ফেলতে হতো আর একটু নিচে এবং গভীরে।
উপরিউক্ত কৌশল গ্রহণ করলে অপু দুর্ঘটনা এড়াতে পারত।

সৃজনশীল প্রশ্নব্যাংক


রহিম পানিপূর্ণ কাপে এক টাকার একটি মুদ্রা ফেলল, মুদ্রাটি কিছুটা উপরে উঠে এসেছে বলে মনে হলো। উক্ত ঘটনাটি আলোর প্রতিসরণের সাহায্যে ব্যাখ্যা করা যায়। দৈনন্দিন জীবনের অনেক ঘটনাই প্রতিসরণের সাথে সম্পর্কযুক্ত।

- | | |
|--|---|
| ক. বিভেদতল কাকে বলে? | ১ |
| খ. পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন ব্যাখ্যা কর। | ২ |
| গ. উদ্দীপকে উল্লিখিত ঘটনাটির কারণ ব্যাখ্যা দাও। | ৩ |
| ঘ. রহিম চড়কি দিয়ে মাছ ধরার ক্ষেত্রে উদ্দীপকে বর্ণিত অভিজ্ঞতা কীভাবে কাজে লাগাতে পারে? বিশ্লেষণ কর। | ৪ |

নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

বিজ্ঞানের স্যার একদিন ক্লাসে একটি কাচের গ্লাসে ৩/৪ অংশ পূর্ণ করে পানি নিলেন। একটি পেন্সিলের কিছু অংশ একটু কাত করে পানির মধ্যে রাখলেন। পেন্সিলটিকে পানির মধ্যে খাটো, মোটা এবং পানির তল বরাবর এটি ভেঙে গেছে বলে মনে হয়।

- ক. দুটি স্বচ্ছ মাধ্যমের বিভেদতলে আলোকরশ্মির দিক পরিবর্তন করার ঘটনাকে কী বলে? ১
- খ. আলো এক স্বচ্ছ মাধ্যম থেকে অন্য স্বচ্ছ মাধ্যমে গেলে এর গতিপথ কেমন হয়? ২
- গ. উদ্দীপকের পেন্সিলটিকে পানিতে খাটো, মোটা এবং পানির তল বরাবর ভেঙে গেছে বলে মনে হয় কেন? ৩
- ঘ. উদ্দীপকের পেন্সিলটিকে পানিতে সোজাভাবে প্রবেশ করালে কী হতো? ব্যাখ্যা কর। ৪



- ক. হাইপো'র রাসায়নিক নাম কী? ১
- খ. অ্যাকুয়াস হিউমার ও ভিট্রিয়াস হিউমার বলতে কী বোঝ? ২
- গ. চিত্রের আলোকে ক্রান্তি কোণের ব্যাখ্যা দাও। ৩
- ঘ. উদ্দীপকের আলোকে PO, QO এবং RO এর গতিপথ ব্যাখ্যা কর। ৪

□ সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন -----//

প্রশ্ন ১ ১ ৥ আলো ভিনু মাধ্যমে গতিপথ পরিবর্তন করে কেন?

উত্তর : ভিনু মাধ্যমে ঘনত্বের পার্থক্যের কারণে আলো গতিপথ পরিবর্তন করে।

কিন্তু আলোকরশ্মি যখন এক স্বচ্ছ মাধ্যম থেকে অন্য স্বচ্ছ মাধ্যমে তির্যকভাবে আপতিত হয় তখন মাধ্যমের ঘনত্ব অনুসারে এর গতিপথ পরিবর্তিত হয়। অর্থাৎ, মাধ্যমের ঘনত্বের ভিনুতার কারণেই আলোর দিক পরিবর্তনের ঘটনা ঘটে।

প্রশ্ন ২ ২ ৥ সংকট কোণ কী? এটি কখন সৃষ্টি হয়?

উত্তর : নির্দিষ্ট রঙের আলোকরশ্মি ঘন মাধ্যম থেকে হালকা মাধ্যমে প্রতিসরিত হওয়ার সময় আপতন কোণের যে মানের জন্য প্রতিসরণ কোণের মান 90° হয় অর্থাৎ প্রতিসরিত রশ্মি বিভেদতল থেকে চলে যায় তাকে হালকা মাধ্যমের সাপেক্ষে ঘন মাধ্যমের সংকট কোণ বলে।

আলোকরশ্মি যখন ঘন মাধ্যম থেকে হালকা মাধ্যমে আপতিত হয় তখন আপতন কোণের একটি সর্বোচ্চ মানের জন্য প্রতিসরণ কোণের মান সর্বোচ্চ অর্থাৎ 90° হয়। ফলে সংকট কোণের সৃষ্টি হয়।

প্রশ্ন ৩ ৩ ৥ মানব চোখ ও ক্যামেরার অমিলগুলো কী কী?

উত্তর : মানব চোখ ও ক্যামেরার অমিলগুলো নিচে ছক আকারে উল্লেখ করা হলো :

মানব চোখ	ক্যামেরা
১. মানব চোখ তার ফোকাস দূরত্ব পরিবর্তন করতে পারে।	১. ক্যামেরায় একটি নির্দিষ্ট ফোকাস দূরত্ব থাকে।
২. মানব চোখ একই স্থানে থেকে বিভিন্ন দূরত্বের চিত্র স্পষ্ট দেখতে পারে।	২. ক্যামেরাতে কোনো বস্তুকে স্পষ্ট দেখতে হলে সামনে পিছনে নিতে হয়।
৩. মানব চোখের কৃষ্ণমন্ডলের আকৃতি পরিবর্তন করা যায়।	৩. ক্যামেরার অশ্মকার প্রকোষ্ঠের আকৃতি পরিবর্তন করা যায় না।
৪. কর্ণিয়া, অ্যাকুয়াস হিউমার, চোখের লেন্স, ভিট্রিয়াস হিউমার মিলে একটি অভিসারী লেন্সের ন্যায় ক্রিয়া করে লক্ষ্যবস্তুর প্রতিবিম্ব গঠন করে থাকে।	৪. এতে অভিসারী লেন্সের সাহায্যে লক্ষ্যবস্তুর প্রতিবিম্ব গঠন করা হয়।

অনুশীলনের জন্য দক্ষতান্ত্রের প্রশ্ন ও উত্তর

□ জানমূলক -----//

প্রশ্ন ১ ১ ৥ আমরা কখন দেখতে পাই?

উত্তর : যখন চোখে আলো প্রবেশ করে তখন আমরা দেখতে পাই।

প্রশ্ন ২ ২ ৥ আলোর প্রতিসরণের জন্য কী প্রয়োজন?

উত্তর : আলোর প্রতিসরণের জন্য দুটি স্বচ্ছ মাধ্যম প্রয়োজন।

প্রশ্ন ৩ ৩ ৥ আলোর সরলরৈখিক পথকে কী বলে?

উত্তর : আলোর সরলরৈখিক পথকে আলোকরশ্মি বলে।

প্রশ্ন ৪ ৪ ৥ স্বচ্ছ মাধ্যম কী?

উত্তর : যে মাধ্যমের মধ্য দিয়ে আলো বিনা বাধায় চলাচল করতে পারে তাকে স্বচ্ছ মাধ্যম বলে।

প্রশ্ন ৫ ৫ ৥ আপতন কোণ প্রতিসরণ কোণ অপেক্ষা ছোট হয় কখন?

উত্তর : যখন আলোকরশ্মি ঘন মাধ্যম থেকে হালকা মাধ্যমে প্রবেশ করে।

প্রশ্ন ৬ ৬ ৥ আপতন কোণ প্রতিসরণ কোণ অপেক্ষা বড় হয় কখন?

উত্তর : যখন আলোকরশ্মি হালকা মাধ্যম থেকে ঘন মাধ্যমে প্রবেশ করে।

প্রশ্ন ৭ ৥ অপটিক্যাল ফাইবার কী?

উত্তর : অপটিক্যাল ফাইবার হলো খুব সরু ও নমনীয় কাচতন্তু।

প্রশ্ন ৮ ৥ মানবদেহের ভেতরে দেখার জন্য কী ব্যবহৃত হয়?

উত্তর : মানবদেহের ভেতরে দেখার জন্য অপটিক্যাল ফাইবার ব্যবহৃত হয়।

প্রশ্ন ৯ ৥ অ্যাকুয়াস হিউমার কাকে বলে?

উত্তর : লেন্স ও কর্নিয়ার মধ্যবর্তী স্থান যে স্বচ্ছ জলীয় পদার্থে ভর্তি থাকে তাকে অ্যাকুয়াস হিউমার বলা হয়।

প্রশ্ন ১০ ৥ ভিট্রিয়াস হিউমার এর কাজ কী?

উত্তর : ভিট্রিয়াস হিউমার এর কাজ হলো অক্ষিগোলকের আকার বজায় রাখা।

প্রশ্ন ১১ ৥ অক্ষিগোলক কাকে বলে?

উত্তর : চোখের কোর্টরে অবস্থিত এর গোলাকার অংশকে অক্ষিগোলক বলে।

প্রশ্ন ১২ ৥ রেটিনা কী?

উত্তর : অক্ষিগোলকের পিছনে অবস্থিত ঈষদচ্ছ গোলাপি আলোকগ্রাহী পর্দাকে রেটিনা বলে।

প্রশ্ন ১৩ ৥ হাইপো এর রাসায়নিক নাম কী?

উত্তর : হাইপো এর রাসায়নিক নাম সোডিয়াম থায়োসালফেট।

প্রশ্ন ১৪ ৥ মণি বা তারারম্প্র কী?

উত্তর : মণি বা তারারম্প্র কর্নিয়ার কেন্দ্রস্থলে অবস্থিত মাংসপেশি যুক্ত একটি গোলাকার ছিদ্রপথ।

□ অনুধাবনমূলক -----//

প্রশ্ন ১ ৥ লম্বভাবে আলোকরশ্মি এক মাধ্যম থেকে অন্য মাধ্যমে যাওয়ার সময় এর গতিপথের দিক পরিবর্তন হয় না কেন?

উত্তর : আপতিত রশ্মি কোনো মাধ্যমের উপর লম্বভাবে পড়লে

আপতন কোণ ও প্রতিসরণ কোণ শূন্য হয়।

তাই কোনো আলোকরশ্মি যখন লঘু মাধ্যম থেকে ঘন মাধ্যমে অথবা ঘন মাধ্যম থেকে লঘু মাধ্যমের উপর লম্বভাবে আপতিত হয় তখন ঐ রশ্মির কোনো দিক পরিবর্তন না করে সরাসরি দ্বিতীয় মাধ্যমে প্রবেশ করে।

প্রশ্ন ২ ৥ আলোর প্রতিসরণের ক্ষেত্রে বিভিন্ন ঘনত্বের মাধ্যমে আপতন কোণ ও প্রতিসরণ কোণের সম্পর্ক দেখাও।

উত্তর : আলোকরশ্মি হালকা থেকে ঘন মাধ্যমে : আপতন কোণ > প্রতিসরণ কোণ।

আলোকরশ্মি ঘন থেকে হালকা মাধ্যমে : আপতন কোণ < প্রতিসরণ কোণ।

আলোকরশ্মি অভিলম্ব বরাবর : আপতন কোণ = প্রতিসরণ কোণ = ০।

প্রশ্ন ৩ ৥ $i > r$ এবং $r > i$ কখন হয়?

উত্তর : আলোকরশ্মি যখন তির্যকভাবে হালকা মাধ্যম থেকে ঘন মাধ্যমে প্রতিসৃত হয় তখন প্রতিসৃত রশ্মি অভিলম্বের দিকে বেঁকে যায়, অর্থাৎ $i > r$ হয়।

আবার আলোকরশ্মি যখন তির্যকভাবে ঘন মাধ্যম থেকে হালকা মাধ্যমে প্রতিসৃত হয় তখন প্রতিসৃত রশ্মি অভিলম্ব থেকে দূরে বেঁকে যায় অর্থাৎ $r > i$ হয়।

প্রশ্ন ৪ ৥ সংকট কোণ ও পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলনের মধ্যে পার্থক্য লেখ।

উত্তর : সংকট কোণ ও পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলনের মধ্যে পার্থক্য হলো :

সংকট কোণ	পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন
১. প্রতিসরণ কোণের মান 90° ।	১. প্রতিসরণ কোণের মান 90° থেকে বেশি।
২. আপতন কোণের মান অপেক্ষাকৃত কম।	২. আপতন কোণের মান সংকট কোণের চেয়ে বেশি।
৩. প্রতিসরিত রশ্মি বিভেদতল ঘেঁষে যায়।	৩. প্রতিসরিত রশ্মি বিভেদতলে প্রতিফলিত হয়ে প্রথম মাধ্যমে ফিরে আসে।

প্রশ্ন ৫ ৥ বর্ষাকালে পুকুরের সিঁড়িতে অনেকের পড়ে যাওয়ার কারণ কী?

উত্তর : আলোর প্রতিসরণের কারণে সিঁড়িগুলোকে স্বাভাবিক অবস্থান থেকে উচুতে মনে হয়। তাই অনেকে উচ্চতার পার্থক্য বুঝতে না পেয়ে পা দেন এবং পড়ে যান।

প্রশ্ন ৬ ৥ অপটিক্যাল ফাইবারে প্রেরিত সংকেতের শক্তি হ্রাস পায় না কেন?

উত্তর : অপটিক্যাল ফাইবারে আলোর পুনঃপুন পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন ঘটে বলে প্রেরিত সংকেতের শক্তি হ্রাস পায় না।

পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলনে কখনই আলোর প্রতিসরণ ঘটে না। এখানে সবটুকু আলোরই প্রতিফলন ঘটে। তাই কোনো শক্তি ক্ষয় হয় না। ফলে অপটিক্যাল ফাইবারে প্রেরিত সংকেত একই থাকে।

প্রশ্ন ৭ ৥ আলোক চিত্রগ্রাহী প্রেটের নেগেটিভ থেকে কীভাবে পজিটিভ মুদ্রিত হয়?

উত্তর : নেগেটিভ থেকে প্রকৃত চিত্র অর্থাৎ পজিটিভ মুদ্রিত করার জন্য নেগেটিভের নিচে সিলভার হ্যালাইড দ্রবণের প্রলেপ দেওয়া ফটোগ্রাফের কাগজ স্থাপন করে অল্প সময়ের জন্য নেগেটিভের ওপর আলোক সম্পাত করতে হয়। এরপর পূর্বের মতো হাইপোর দ্রবণে ফটোগ্রাফের কাগজ ডুবিয়ে পরিষ্কার পানিতে ধুয়ে পজিটিভ অর্থাৎ বস্তুটির প্রকৃত চিত্র পাওয়া যায়।

প্রশ্ন ৮ ৥ রেটিনা বলতে কী বোঝ?

উত্তর : রেটিনা বলতে অক্ষিগোলকের পেছনে অবস্থিত একটি ঈষদচ্ছ গোলাপি আলোকগ্রাহী পর্দাকে বুঝায়। এর উপর আলো পড়লে স্নায়ুতন্ত্রে এক প্রকার উদ্ভেজনা সৃষ্টি হয় এবং মস্তিষ্কে দেখার অনুভূতি জাগে।

প্রশ্ন ৯ ৥ আলোকরশ্মি অভিলম্ব বরাবর আপতিত হলে কী ঘটে?

উত্তর : আলোক রশ্মি অভিলম্ব বরাবর আপতিত হলে আপতিত রশ্মির দিক পরিবর্তন হয় না এবং আপতন কোণ, প্রতিসরণ কোণ ও নির্গত কোণের মান শূন্য হয়।

প্রশ্ন ১০ ৥ পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলনের প্রধান বৈশিষ্ট্য কী?

উত্তর : পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলনের এতে সাধারণ প্রতিফলনের মতো কিছু আলোকরশ্মি প্রতিসরিত না হয়ে সম্পূর্ণ আলোকরশ্মিই প্রতিফলিত হয়। এটিই পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলনের প্রধান বৈশিষ্ট্য।